

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৭/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ শফিউর রহমান  
পিতা- মরহুম মোঃ আব্দুল জাওয়াদ  
১/২০ কল্যাণপুর হাউজিং এস্টেট  
কল্যাণপুর, ঢাকা-১২০৭।

প্রতিপক্ষ : এ.টি.এম আহমেদুর রহমান  
উপ-মহাব্যবস্থাপক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
ইনভেষ্টিমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ  
রাজশাহী শাখা, সাহেব বাজার, রাজশাহী।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৭-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ শফিউর রহমান ১৯-০৮-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ইনভেষ্টিমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, রাজশাহী শাখা, সাহেব বাজার, রাজশাহী বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- আইসিবি রাজশাহী শাখার সহিত সংরক্ষিত বিনিয়োগ হিসাব # ১২৯৯ হইতে ১৩০৯ পর্যন্ত মোট ১১টি হিসাবের বিপরীতে হিসাব খোলাকালীন সময়ে Account Holder কর্তৃক দাখিলকৃত যথাযথ ভাবে সম্পাদিত-
- ক) Account Opening Forms
- খ) Specimen Signature Cards
- গ) Authorisation of Power for Operating the Account by another Person on behalf of the Investor
- ঘ) Authorisation of Power for Conducting Account by ICB on behalf of the Investor, and
- ঙ) Other Related Papers and Documents Required for Maintaining the Accounts -এর সত্যায়িত অনুলিপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৭-০৫-২০১৪ তারিখে ব্যবস্থাপনা পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ইনভেষ্টিমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০১-০৭-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ শফিউর রহমান প্রতিপক্ষ এ.টি.এম আহমেদুর রহমান, উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ইনভেষ্টিমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, রাজশাহী শাখা, সাহেব বাজার, রাজশাহী হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। এরপরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ:পঃদ্র)

০৫। উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ইনভেষ্টিমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, রাজশাহী শাখা, সাহেব বাজার, রাজশাহী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর আইসিবি রাজশাহী শাখায় পরিচালিত বিনিয়োগ হিসাব নং-১২৯৯ হতে ১৩০৩ পর্যন্ত ০৫ টি হিসাব তার নামের সাথে সম্পৃক্ত। অন্য ০৬ টি বিনিয়োগ হিসাবের (১৩০৪ থেকে ১৩০৯) কোনটিই অভিযোগকারীর স্বাক্ষরে পরিচালিত হওয়ার ব্যবস্থা না থাকায় ঐ সকল বিনিয়োগ হিসাবের কোন তথ্য তিনি পেতে পারেন না। কেননা এ সকল তথ্য বিনিয়োগকারীর আমানত হিসেবে তাদের নিকট সংরক্ষিত থাকে যা তৃতীয় কোন ব্যক্তিকে সরবরাহ করা সম্ভব না। এছাড়া আইসিবি এর প্রচলিত নিয়ম অনুযায়ী কোন বিনিয়োগকারী তার বিনিয়োগ হিসাব সংক্রান্ত বিষয়ে হিসাব বিবরণী ছাড়া অন্যান্য তথ্যাদি যেমন: বিনিয়োগ হিসাব খোলা সংক্রান্ত ফরম, স্বাক্ষর কার্ড ইত্যাদির ফটোকপি পেতে পারেন না।

০৬। ব্যক্তিগত তথ্য প্রদানযোগ্য নয় তবে যৌথ একাউন্ট হোল্ডারদের সম্মতি নিয়ে তথ্য প্রদান করা যায় কিনা কমিশনের এমন প্রশ্নের জবাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জানান যৌথ একাউন্ট হোল্ডারদের সম্মতি নিয়ে তথ্য প্রদান করা যেতে পারে।

### পর্যালোচনা

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্বেতনামে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাতে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে কিছু তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী ৭ ধারা অনুযায়ী প্রদানযোগ্য নয়। একক হিসাবের ক্ষেত্রে শুধু হিসাব বিবরণী এবং যৌথ একাউন্টের ক্ষেত্রে একাউন্ট হোল্ডারদের সম্মতি নিয়ে তথ্য প্রদান করা যেতে পারে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীর একক বিনিয়োগ হিসাব সংক্রান্ত বিষয়ে হিসাব বিবরণী এবং যৌথ একাউন্টের ক্ষেত্রে একাউন্ট হোল্ডারদের সম্মতি নিয়ে অভিযোগকারীকে তা সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনাতে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে একক হিসাবের ক্ষেত্রে হিসাব বিবরণী এবং যৌথ একাউন্টের ক্ষেত্রে একাউন্ট হোল্ডারদের সম্মতি নিয়ে তা সরবরাহ করার জন্য উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ইনভেষ্টিমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, রাজশাহী শাখা, সাহেব বাজার, রাজশাহী -কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার